দৈনিক ... JAN. 22 2001 পৃঃ ২৮ ১৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর
১ম-১২ তলা সরকারী অফিস ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

নং-সককপ-শিক্ষা-১৪/২০০০-২০(৩০০)

তারিখ ঃ ০৭-০১-২০০১
২৪-০৯-১৪০৭

# বিজ্ঞপ্তি

## বিষয় ঃ ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তান-সন্ততিদে জন্য ২০০০-২০০১ইং সালের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহবান।

ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহি কর্মচারী ব্যতীত বে-সামরিক খাত হইতে বেতন গ্রহণকারী ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সকল সরব কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান যাইতেছে। কন্টিনজেন্সি, ওয়াকচার্জড কর্মচারী যাহারা এক নাগাড়ে ৫ (পাঁচ) বৎসর বা তদূর্ধ্বকাল চাকুরী নিয়োজিত আছেন তাহারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

২। উপরোক্ত শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দু জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী বা পরীক্ষার প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% নম্বর থাকিতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পূর্ব বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যাল নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করিয়া আগামী ২৮ ফেব্রুয়ারী ২০০১/১৬ই ফা ১৪০৭ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সং অফিসে পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। পরীক্ষ ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে উহার ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হইলে তাহা অবশ্যই শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক যাহাতে কর্মচারিগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করি পারে সে দিকে লক্ষ্য রাখিয়া অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকে অফিসের মাধ্যমে বিনা মূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

৪। কর্মচারিগণ স্ব-স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিয়া অধিদপ্তরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস হইতে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে ৪.০০ (চার) টাকার ডাক টিকি যুক্ত ঠিকানা সম্বলিত ১০"×৫" সাইজের খাম প্রেরণ পূর্বক উক্ত ফরম সংগ্রহ করিতে পারিবেন।

১। মহা-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ১ম-১২ তলা সরকারী অফিস ভব (৩য় তলা), সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

৩। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৪। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

৫। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৬। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল

৭। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, কোর্ট বিল্ডিং, সিলেট।

ডিএফপি-৫৪০-৮/১
স-২৮২(৮×৩)

(এম, এ রাজেক)
মহাপরিচালক